



'ঘরে ঘুমতে পারি না ভয়ে, রাত্তায় বেরোতে পারি না ভয়ে, কোথায় কে গুম করে... হত্যা করে।'

এইচ এম এরশাদ, চেয়ারম্যান, জাতীয় পার্টি, প্রাক্তন সৈনিক পার্টির প্রতিনিধি সভায় (প্রথম আলো, ৩ জুন)



'মাত্র কয়েকজন... বাজেটের সমালোচনা করেছেন। তারা না জানেন পলিটিক্স, না জানেন ইকোনমিক্স।'

সম্পাদক, আওয়ামী লীগ, বাজেটের সমালোচনাকারীদের উদ্দেশ্যে (প্রথম আলো, ৮ জুন)



'ড. কামাল একজন ব্যর্থ লোক।' আবুল মাল আবদুল মুহিত, অর্থমন্ত্রী, ড. কামালের বক্তব্যের সমালোচনা করতে গিয়ে (বাংলাদেশ

প্রতিদিন, ৯ জুন)



'একমাত্র আন্নাহ ও শেখ হাসিনা ছাড়া কেউ আমাকে নামাতে পারবে না।' মোফাজ্জল হোসেন চৌধুরী, জাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা

মন্ত্রী, মন্ত্রিসভা থেকে পদত্যাগের দাবি প্রসঙ্গে (প্রথম আলো, ৬ জুন)



'স্বাভাবিক মৃত্যু হবে, না অস্বাভাবিক হবে, জানি না। কার গুলিতে মরব, সেটাও বুঝি না।'

শামীম ওসমান, সাংসদ, সংসদে নিজের নিরাপত্তা নিয়ে আশঙ্কা প্রকাশ করে (প্রথম আলো, ৪ জুন)



'হামার ঘরের এলাকাত কারখানা হোক।' মোজার মিয়া, রিকশাচালক, বাজেটে কী চান, এ প্রশ্নের

জবাবে (প্রথম আলো, ৫ জুন)

থাকার কথা স্বীকার করে আদালতে জবানবন্দি দিয়েছেন স্থানীয় দুই আওয়ামী লীগ নেতা জাহিদ চৌধুরী ও আবদুল্লাহিল মাহমুদ শিবলু। ৫ জুন দুপুরে শিবলু এবং রাতে জাহিদ স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেন। আওয়ামী লীগ নেতা একরাম হত্যায় কোনো না কোনোভাবে জড়িত থাকার কথা স্বীকার করে গত কয়েকদিনে আরো ১১ জন আদালতে জবানবন্দি দেন।

### পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র

#### তৃতীয় চুক্তির ক্রয় প্রস্তাব অনুমোদন

পাবনার রূপপুরে একটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র হবে- ৫৩ বছর ধরে এমন স্বপ্ন দেখছে এ দেশের মানুষ। স্বপ্নটির বাস্তবে রূপ নেয়ার সম্ভাবনা দেখা যাচ্ছে এখন। দুটি চুক্তির ভিত্তিতে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপন প্রকল্পের প্রথম পর্যায়ের কাজ চলছে। এ দফায় কাজের জন্য তৃতীয় চুক্তির ক্রয় প্রস্তাব অনুমোদন করেছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। বিদ্যুৎকেন্দ্র স্থাপনের মূল কাজ শুরু হওয়ার আগেই প্রকল্পটির প্রাক-নির্মাণ, অর্থাৎ প্রথম পর্যায়ের কাজ এখন চলমান। ৫৫ কোটি মার্কিন ডলার ব্যয়ের এ কাজ করছে রাশিয়ার এটমস্ট্রয় এক্সপোর্ট নামক প্রতিষ্ঠান। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন ও এটমস্ট্রয় এক্সপোর্টের মধ্যে এ ব্যাপারে চুক্তি রয়েছে।

### শিক্ষা

#### প্রশ্নপত্র ফাঁস বন্ধের দাবিতে মানববন্ধন

প্রশ্নপত্র ফাঁস ও সব ধরনের কোচিং বাণিজ্য বন্ধ করাসহ কয়েকটি দাবিতে ১৪ জুন জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন করবে অভিভাবক ঐক্য ফোরাম নামের একটি সংগঠন। জাতীয় প্রেসক্লাবে ৪ জুন একটি সংবাদ সম্মেলন করে সংগঠনটির পক্ষে এ কর্মসূচি ঘোষণা করা হয়। সংবাদ সম্মেলনে বলা হয়, ১৪ জুনের মধ্যে এসবের প্রতিকার করা না হলে আরো কঠোর কর্মসূচি দেয়া হবে।

### বেতন বাড়ানোর প্রতিবাদে স্মারকলিপি

ইংরেজি মাধ্যমের স্কুলগুলোর বেতন বৃদ্ধির সিদ্ধান্ত বাতিলের ব্যবস্থা করতে শিক্ষামন্ত্রী বরাবর স্মারকলিপি দিয়েছেন স্কুলগুলোর শিক্ষার্থীদের অভিভাবকরা। ৮ জুন জাতীয় প্রেসক্লাবের সামনে প্রতিবাদ কর্মসূচি শেষে স্মারকলিপি দেয়া হয়। স্মারকলিপিতে ইংরেজি মাধ্যম স্কুলগুলোর জন্য সমন্বিত নীতিমালা প্রণয়ন করে বাস্তবায়ন করাসহ ১২ দফা দাবি জানানো হয়।

### আইন-আদালত

#### হাজারীর আসন নিয়ে হাইকোর্টের রুল

ফেনী-২ আসনের সরকারদলীয় সংসদ সদস্য (এমপি) নিজাম উদ্দিন হাজারীর আসন কেন শূন্য ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। কোন কর্তৃত্ব বলে তিনি এমপি পদে বহাল রয়েছেন, এরও কারণ জানতে চাওয়া হয়েছে রুলে। নিজাম হাজারীর সাজা খাটার বিষয়ে প্রয়োজনীয় নথিপত্রও তলব করেছেন আদালত। এক মাসের মধ্যে নথি আদালতে দাখিল করতে চট্টগ্রাম কারা কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়েছে। জাতীয় সংসদের স্পিকার, প্রধান নির্বাচন কমিশনার, আইন সচিব, জাতীয় সংসদ সচিবালয়ের সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব, নির্বাচন কমিশনের সচিব, নিজাম হাজারী, কারা মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপারকে (চট্টগ্রাম) চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে।

### পররাষ্ট্র

#### চীনে পাশে চায় বাংলাদেশ

চীনের কুনমিংয়ের হাইগেং কনফারেন্স সেন্টারে ৭ জুন নবম চায়না-সাউথ এশিয়া বিজনেস ফোরামে বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশ তার সমৃদ্ধি ও অগ্রগতির ক্ষেত্রে চীনে গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে পেতে চায়। তিনি চীনের ব্যবসায়ী ও শিল্পপতিদের বাংলাদেশ সফরে আমন্ত্রণ জানিয়ে বলেন, 'আমি আশা করি, আপনারা বাংলাদেশে ব্যবসার জন্য নিশ্চিতভাবেই আকর্ষণীয় পরিবেশ ও সুযোগ-সুবিধা পাবেন।' এ পরিপ্রেক্ষিতে তিনি প্রথমেই বিনিয়োগের বাস্তব পরিস্থিতি তাদের কাছে তুলে ধরেন। চীনের ইউনান প্রদেশের গভর্নর কিন গুয়াং রং বলেছেন, তার প্রাদেশিক সরকার বাণিজ্যবৈষম্য কমিয়ে বাংলাদেশি পণ্যের সহজ বাজারজাতকরণে পদক্ষেপ নেবে।

### সীমান্ত

#### পিছু হটেছে মিয়ানমারের সৈন্যরা

মিয়ানমারের সেনা সদস্যরা তাদের সীমান্তের জিরো পয়েন্ট এলাকার অবস্থান থেকে ৮ জুন পিছু হটেছে। তবে তাদের যুদ্ধবন্দেহী মনোভাব কমেনি। মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশ এখন পর্যন্ত সীমান্তে অবস্থান করে ভারী অস্ত্রশস্ত্র নিয়ে টহল অব্যাহত রেখেছে। মিয়ানমারের ফকিরবাজার, বলিবাজার ও বুদিচং সেনা ক্যাম্পে প্রায় আট হাজার সেনা সদস্য অবস্থান করছে। এদিকে ১০ জুন থেকে শুরু হতে যাচ্ছে বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত বৈঠক। চার দিনব্যাপী এই সম্মেলন মিয়ানমারের রাজধানী নেপিদোতে অনুষ্ঠিত হবে। ■